

## 12411 - ইতিকারের শর্তাবলি

### প্রশ্ন

ইতিকারের শর্তগুলো কি কি? ইতিকারের জন্য কি রোজা থাকা শর্ত? ইতিকারকারীর জন্য কোন রোগী দেখতে যাওয়া, নিমন্ত্রণে সাড়া দেয়া, পরিবারের প্রয়োজনে বের হওয়া, জানাযার নামাযে শরিক হওয়া অথবা চাকুরীতে যাওয়া কি জায়েয?

### প্রিয় উত্তর

যে মসজিদে জুমার নামায হয় সে মসজিদে ইতিকার করা শরিয়তসম্মত। যদি ইতিকারকারী ব্যক্তির উপর জুমার নামায ফরয হয় এবং ইতিকারের সময়ের মধ্যে জুমাবার থাকে এমনক্ষেত্রে জুমা মসজিদে (জামে মসজিদে) ইতিকার করা উত্তম। ইতিকারের জন্য রোজা থাকা শর্ত নয়। সুন্নত হচ্ছে- ইতিকারকালে কোন রোগীকে দেখতে না যাওয়া; নিমন্ত্রণে না যাওয়া, পরিবারের প্রয়োজনপূরণে সাড়া না দেয়া, জানাযার নামাযে না যাওয়া, মসজিদের বাইরে কোন কাজে না যাওয়া। এর সপক্ষে দলিল হচ্ছে আয়েশা (রাঃ) বর্ণিত হাদিস তিনি বলেন: “ইতিকারকারীর জন্য সুন্নত হচ্ছে- রোগী দেখতে না যাওয়া, জানাযায় শরিক না হওয়া, নারী সহবাস বা নারীকে বাহুবন্ধনে না নেয়া, যে প্রয়োজন পূরণ না করলে নয় এমন প্রয়োজন ছাড়া অন্য কোন কারণে মসজিদ থেকে বের না হওয়া। [আবু দাউদ (২৪৭৩)]